

# **া** মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩৬৫৪

পর্ব-১৭: দণ্ডবিধি (کتاب الحدود)

পরিচ্ছেদঃ ৬. তৃতীয় অনুচ্ছেদ - মদের বর্ণনা ও মধ্যপায়ীকে ভীতিপ্রদর্শন করা

### আরবী

وَعَنْ أَبِي أُمَامَةَ قَالَ: قَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: إِنَّ اللَّهَ تَعَالَى بَعَتَنِي رَحْمَة للعالمينَ وهُدىً لِلْعَالِمِينَ وَأُمَرَنِي رَبِّي عَزَّ وَجَلَّ بِمَحْقِ الْمَعَازِفِ وَالْمَزَامِيرِ وَالْأَوْثَانِ وَالْعَالَمِينَ وَأُمْرِ الْعَالِمِينَ وَأُمْرِ الْجَاهِلِيَّةِ وَحَلَفَ رَبِّي عَنَّ وَجلَّ: بعِزَّتِي لَا يشربُ عبدٌ منْ عَبيدِي جرعة وَالصَّلُلِبِ وَأُمْرِ الْجَاهِلِيَّةِ وَحَلَفَ رَبِّي عَنَّ وَجلَّ: بعِزَّتِي لَا يشربُ عبدٌ منْ عَبيدِي جرعة خَمْرٍ إِلَّا سَقَيْتُهُ مِنَ الصَّدِيدِ مِثْلَهَا وَلَا يَتْرُكُهَا مِنْ مَخَافَتِي إِلَّا سَقَيْتُهُ مِنْ حِيَاضِ الْقُدس . رَوَاهُ أَحْمد

#### বাংলা

৩৬৫৪-[২১] আবৃ উমামাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ নিশ্চয় আল্লাহ তা'আলা আমাকে সমগ্র দুনিয়াবাসীর জন্য রহমত এবং পথ-প্রদর্শক হিসেবে প্রেরণ করেছেন। আমার সে মহান প্রভু আমাকে নির্দেশ দিয়েছেন- সকল প্রকার বাদ্যযন্ত্র, দেব-দেবীর মূর্তি ও শূলি ক্রুশ এবং জাহিলী যুগের রসম-রেওয়াজ মূলোৎপাটন করার। আর আমার মহান প্রতিপালক তাঁর ক্ষমতার কসম করে বলেছেনঃ আমার যে কোনো বান্দা এক ঢোক মদ পান করবে, আমি তাকে অবশ্যই অনুরূপ জাহান্নামীদের পুঁজ পান করাব। আর যে ব্যক্তি আমার ভয়ে ভীত হয়ে তা পান করা বর্জন করবে, আমি নিশ্চয় তাকে আমার কৃপ থেকে (জান্নাতের সুপেয়) পান করাব। (আহমাদ)[1]

## ফুটনোট

[1] য'ঈফ: আহমাদ ২২৩০৭, মু'জামুল কাবীর লিত্ব ত্ববারানী ৭৮০৩। কারণ এর সনদে ফর্য বিন ফু্যালাহ্ একজন দর্বল রাবী আর 'আলী বিন যায়দ খুবই দর্বল রাবী।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: (أَمْرُ الْجَاهِلِيَّةِ) জাহিলী যুগের রসম-রেওয়াজ বলতে নিহায়াহ্ করা তথা মৃত ব্যক্তিকে কেন্দ্র করে জোরে



জোরে কাঁদা এবং খানার আয়োজন করা। পাপ কাজের জন্য সাহসিকতা প্রকাশ করা, উত্তেজিত করা এবং বংশ নিয়ে গর্ব করা।

ত্বীবী বলেনঃ স্বতন্ত্রভাবে মদের বিষয়টি উল্লেখ করার কারণ হলো। তা হলো الله তথা পাপ কাজ সংঘটিত হওয়ার মূল। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবূ উমামাহ্ বাহিলী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন